গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি,
সাগরিকা রোড, পাহাড়তলী, চট্টগ্রাম-৪২১৯

নথি নং-২য়(৩২)বিসিটা/ইটি/নিয়োগ/২০১৬/ তারিখ ঃ ১৯/১১/২০১৯ খ্রিঃ

# " নিয়োগ বিজ্ঞপ্তি "

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা এর পত্র নং-০৮.০০.০০০০.০৩৮.১১.০০২.১৯; তাং ২৪/০২/২০১৯ খ্রিঃ মোতাবেক প্রদত্ত ছাড়পত্র অনুযায়ী কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম-এর অধীনে নিম্নবর্ণিত শুন্য পদসমূহে সরাসরি নিয়োগের নিমিত্তে বাংলাদেশের নাগরিক এবং স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| ক্রমিক | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|
| ১. | কম্পিউটার অপারেটর<br>১২৫০০-৩০২৩০/-<br>(গ্রেড-১১) | ০১ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী।<br>(খ) কম্পিউটার মূদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজীতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | মাদারীপুর<br>ও<br>রাঙ্গামাটি |
| ২. | লাইব্রেরীয়ান<br>১২৫০০-৩০২৩০/-<br>(গ্রেড-১১) | ০১ | (ক) সরকার অনুমোদিত যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পাসসহ লাইব্রেরী সাইন্স-এ ডিপ্লোমা এবং নূন্যতম ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৩. | স্টোর কিপার<br>১২৫০০-৩০২৩০/-<br>(গ্রেড-১১) | ০১ | (ক) সরকার অনুমোদিত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে বাণিজ্য বিভাগে স্নাতক/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) স্টোর কিপার হিসেবে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৪. | সুবেদার<br>১২৫০০-৩০২৩০/-<br>(গ্রেড-১১) | ০১ | (ক) অবসরপ্রাপ্ত সেনাবাহিনী, বিজিবি, আনসার এর সুবেদার/সমমানের পদধারী হতে হবে ।<br>(খ) বয়স সর্বোচ্চ ৪০(চল্লিশ) বৎসরের মধ্যে হতে হবে। | |
| ৫. | উচ্চমান সহকারী<br>১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০৫ | (ক) সরকার অনুমোদিত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা | |
| ৬. | ক্যাশিয়ার<br>১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০২ | (ক) সরকার অনুমোদিত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে বাণিজ্য বিভাগে স্নাতক/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার চালনায় পারদর্শী হতে হবে। | |
| ৭. | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০২ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি<br>(খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা<br>(গ) Word Processing/ Data Entry & Typing ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে গতি নূন্যতম যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ। | |
| ৮. | ড্রাইভার<br>৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০২ | (ক) অষ্টম শ্রেণি /সমমান পাশ।<br>(খ) সরকার অনুমোদিত বিআরটিএ কর্তৃপক্ষ থেকে হালনাগাদ ড্রাইভিং লাইসেন্সসহ গাড়ি চালনায় নূন্যতম ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৯. | কম্পাউন্ডার<br>৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০১ | কোন স্বীকৃত বোর্ড হতে এস এস সি /সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ প্যারা মেডিকেল ইন্সটিটিউট হতে ডিপ্লোমা পাশ হতে হবে।<br>অথবা ৮ম শ্রেণি পাশ এবং সংশ্লিষ্ট পদে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ কম্পাউন্ডার সার্টিফিকেটধারী। | |
| ১০. | হাবিলদার<br>৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০৩ | (ক) অবসরপ্রাপ্ত সেনাবাহিনী, বিজিবি, আনসার এর হাবিলদার/সমমানের পদধারী হতে হবে।<br>(খ) বয়স সর্বোচ্চ ৪০(চল্লিশ) বৎসরের মধ্যে হতে হবে। | |

| ক্রমিক | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|
| ১১. | আরমারার ৮৮০০-২১৩১০/- (গ্রেড-১৮) | ০১ | (ক) অবসরপ্রাপ্ত সেনাবাহিনী, বিজিবি, আনসার এর আরমারার পদধারী হতে হবে। (খ) বয়স সর্বোচ্চ ৪০(চল্লিশ) বৎসরের মধ্যে হতে হবে। | |
| ১২. | দপ্তরী ৮৫০০-২০৫৭০/- (গ্রেড-১৯) | ০১ | (ক) অষ্টম শ্রেণি/সমমান পাস। (খ) বই বাঁধাইয়ের কাজে অভিজ্ঞতা থাকতে হবে। | গোপালগঞ্জ, চট্টগ্রাম, ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী, লক্ষীপুর, রংপুর, ঝালকাঠি ও বরগুনা |
| ১৩. | অফিস সহায়ক ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০১ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | |
| ১৪. | নৈশ প্রহরী ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০২ | (ক) অষ্টম শ্রেণি/সমমান পাস। (খ) সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। | |
| ১৫. | বাবুর্চী ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০১ | (ক) ৮মশ্রেণি/সমমান পাস। (খ) বাবুর্চী কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (গ) সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। | |
| ১৬. | ঝাড়ুদার/ক্লিনার/ সুইপার ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০৩ | (ক) ৮মশ্রেণি/সমমান পাস। (খ) বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (গ) সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। | |

০২। যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিম্নবর্ণিত ফরমেটে স্বহস্তে লিখিত আবেদনপত্র প্রেরণ করতে হবে। ফরমেট অনুযায়ী স্বহস্তে লিখিত আবেদনপত্র প্রেরণ করা না হলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

# চাকরির আবেদন ফরম

| ৫×৫ সে.মি ছবি (সম্প্রতি তোলা ৩ কপি) |
|---|

**বরাবর,**

মহাপরিচালক
কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি
সাগরিকা রোড, চট্টগ্রাম

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম : | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর : | | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| ৩. | প্রার্থীর নাম | বাংলা: | | | | | | | | | |
| | | ইংরেজীতে ( বড় অক্ষরে) : | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বর: | | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্ম স্থান (জেলা): | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | | বছর | | মাস | | দিন | | | | |
| ৮. | মাতার নাম: | | | | | | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা : | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে): |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডারঃ |
| ১৪. | ধর্ম : | ১৫. | পেশা |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ ( প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ্য করুন): |
| ২০. | চালান নম্বর: | | তারিখ: | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা ( টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যেওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখঃ | | | | | | | | | | প্রার্থীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|

০৩। দরখাস্ত প্রেরণের সময় খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম লিখতে হবে। এছাড়া আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম ও ঠিকানা সম্বলিত ১০.০০ (দশ) টাকার অব্যবহৃত ডাক টিকিটযুক্ত একটি ৯" X ৪" সাইজের ফেরৎ খাম সংযুক্ত করতে হবে।

০৪। শর্তাবলী ঃ

০১) আবেদনপত্র আগামী ১২/১২/২০১৯ খ্রিঃ তারিখ বিকাল ০৫.০০ টা'র মধ্যে ডাকযোগে মহাপরিচালক, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, সাগরিকা রোড, চট্টগ্রাম-৪২১৯ -এ ঠিকানায় পৌঁছাতে হবে ;

০২) বিলম্বে প্রাপ্ত, অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র দাখিলের পর কোন সংশোধনী গ্রহণযোগ্য হবে না। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না ;

০৩) সরকারী/আধা-সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে আবেদনের কোন অগ্রিম কপি গৃহীত হবে না ;

০৪) আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০১(একটি) পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি আঠা দিয়ে লাগিয়ে দিতে হবে এবং ০২ (দুই) কপি রঙ্গিন সত্যায়িত ছবি ষ্ট্যাপল করে দিতে হবে, অর্থাৎ ৩(তিন) কপি ছবি পাঠাতে হবে। ছবির পিছনে আবেদনকারীর নাম ও জেলার নাম লিখতে হবে। পুরাতন ছবি গ্রহণযোগ্য হবে না ;

০৫) মহাপরিচালক, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, সাগরিকা রোড, চট্টগ্রাম-এর অনুকূলে ১-১১ নং পদের ক্ষেত্রে ১০০/- (একশত) টাকার এবং ১২-১৬ নং পদের ক্ষেত্রে ৫০(পঞ্চাশ) টাকার ট্রেজারী চালান (অর্থনৈতিক কোড ঃ ১-১১৩৯-০০০১-২৬৮১-তে জমাকৃত) এর কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ট্রেজারী চালান বিহীন আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে ;

০৬) কোন বিশেষ কোটার বিপরীতে আবেদন করলে তা আবেদনপত্রের খামের উপর উল্লেখ করতে হবে।

০৭) নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিদ্যামান সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।

০৮) সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১২/১২/২০১৯ খ্রিঃ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের জন্য কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

০৯) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১২/১২/২০১৯ খ্রিঃ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের জন্য কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

১০) প্রাপ্ত সকল দরখাস্ত প্রাথমিক বাছাইয়ের পর উপযুক্ত প্রার্থীগণকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে ;

১১) জনপ্রশাসন মন্ত্রনালয়ের পরিপত্র নং-০৫.১১০.০০.০০.০৮৯.১৪.০১ তাং-২৯/১২/২০১৪ খ্রিঃ অনুযায়ী সাক্ষাৎকার/ মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত সকল প্রার্থীকে সাক্ষাৎকার/ মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি অবশ্যই উপস্থাপন করতে হবে এবং নিম্ন লিখিত সনদ পত্র সমূহের ২ (দুই) সেট সত্যায়িত কপি দাখিল করতে হবে। যথাঃ

(ক) সকল প্রকার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি ;

(খ) ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি ;

(গ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি ;

(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ;

(ঙ) কোন বিশেষ কোটার বিপরীতে আবেদন করলে সংশ্লিষ্ট কোটার স্বপক্ষে কোটা সংক্রান্ত উপযুক্ত কর্তৃপক্ষের প্রদত্ত

সনদপত্রের অনুলিপি ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে ;

১২) প্রার্থী মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা / পুত্র-কন্যার পুত্র কন্যা হলে সেক্ষেত্রে যথাক্রমে পিতা/ মাতা/ পিতামহী/ মাতামহী মুক্তিযোদ্ধা হিসাবে প্রমাণের জন্য অনুমোদিত/ বৈধ সনদ পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র নং ০৫.১৭০.০২২.০৭.০১.০১৪.২০১১-১৮১, তারিখ ঃ ০৯-০৫-২০১১ খ্রিঃ মোতাবেক মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা সনাক্তকরণ পদ্ধতি অনুসরণ করা হবে ;

১৩) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, স্থায়ী বাসিন্দা / নাগরিকত্ব সনদপত্রসহ প্রদত্ত যে কোন সনদ ও তথ্যাদি ভুয়া প্রমাণিত হলে আবেদনকারীর আবেদনপত্র/ নিয়োগ বাতিল বলে গণ্য হবে ;

১৪) প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না ;

১৫) বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা কমানো / বাড়ানো বা কাউকে নিয়োগ প্রদানের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন ;

১৬) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই বিজ্ঞপ্তি সংশোধন/ বাতিল/ নতুন পদ যোগ করার অধিকার সংরক্ষণ করেন;

১৭) এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ করতে কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না। এ নিয়োগ বিজ্ঞপ্তি, লিখিত, ব্যবহারিক ও পরীক্ষার তথ্য কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম এর ওয়েবসাইট www.cevta.gov.bd এ পাওয়া যাবে।

স্বাক্ষরিত
[মোঃ শফিকুল ইসলাম]
মহাপরিচালক
ও
আহবায়ক, বিভাগীয় নির্বাচন কমিটি।